আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৪৬.৯৯.০০০২.২৩.১৯৭

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

বিষয়: দুর্যোগ সংক্রান্ত প্রতিবেদন।

সূত্র: দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পত্র নং-৫১.০০.০০০০.০০০.৪২৩.৪০.০০০১.২৬.৩২৪; তারিখঃ ০১ নভেম্বর ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে ৩১ অক্টোবর ২০২৬ হতে ০৪ নভেম্বর ২০২৬ তারিখের দুর্যোগ সংক্রান্ত (আবহাওয়ার সতর্কবার্তা, দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস, আবহাওয়ার পূর্বাভাস, অগ্নিকান্ড সম্পর্কিত তথ্য এবং নদ-নদীর পানি ও বৃষ্টিপাতের অবস্থা) প্রতিবেদন পাওয়া গেছে। প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (দুর্যোগ সংক্রান্ত প্রতিবেদন)।

০৩-১১-২০২৬
এ.বি.এম. সাদিকুর রহমান
উপসচিব
ফোন : ০২৫৫১০০৪৩৮
ইমেইল : administration-1@mofl.gov.bd

অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধান।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১৪৬.৯৯.০০০২.২৩.১৯৭/১ (৩)

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

০৩-১১-২০২৬
এ.বি.এম. সাদিকুর রহমান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
এনডিআরসিসি অনুবিভাগ
www.modmr.gov.bd

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.০০০.৪২৩.৪০.০০০১.২৬.৩২৪

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত ৩১.১০.২০২৬ খ্রি. তারিখের দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:

দক্ষিণ আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্ট লঘুচাপটি আজ (৩১ অক্টোবর ২০২৬) সকাল ০৬ টায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়ে দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন আন্দামান সাগর এলাকায় অবস্থান করছিল। এটি আরো পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হতে পারে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

২। আজ ৩১ অক্টোবর ২০২৬ সকাল ০৯:০০ টা হইতে সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল এবং কুমিল্লা অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিন/দক্ষিন-পুর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত
দেখাতে বলা হয়েছে ।

৩। আজ ৩১.১০.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ দক্ষিণ আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘণীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে এবং বর্তমানে এটি দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন আন্দামান সাগরে অবস্থান করছে। এটি আরো পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হতে পারে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (৩১.১০.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

দ্বিতীয় দিন (০১.১১.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, খুলনা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

তৃতীয় দিন (০২.১১.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

চতুর্থ দিন (০৩.১১.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পঞ্চম দিন (০৪.১১.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থাঃ দিন ও রাতের তাপমাত্রা আরো কমতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের **নাম**	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.৫ ঢাকা	৩২.২ তাড়াশ	২৭.৬ দিনাজপুর	৩৩.৫ নেত্রকোনা	৩৪.৬ শ্রীমংগল	**৩৫.৮ ফেনী**	৩২.৮ চুয়াডাঙ্গা	৩৩.০ ভোলা
সর্বনিম্ন তাপমাত্রা	২২.৬ টাংগাইল	২২.২ বদলগাছী	**২১.২ সৈয়দপুর**	২৩.৫ নেত্রকোনা	২৩.০ সিলেট	২২.৫ বান্দরবান	২৪.০ যশোর, কয়রা	২৫.০ খেপুপাড়া

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **ফেনী ৩৫.৮^{o}** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **সৈয়দপুর ২১.২^{o}** ।
(তথ্য সূত্র: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:

-

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

৪। বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:

(১৫ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/৩১ অক্টোবর, ২০২৬ খ্রি.)

বিপদসীমার উপরে নদ-নদীর তথ্য:

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহ বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

বৃষ্টিপাত ও লঘুচাপ/নিম্নচাপের তথ্য:

- আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ০৩ দিন দেশের অভ্যন্তরে ও উজানে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

-

- **দক্ষিণ আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় থাকা লঘুচাপটি ঘনীভূত হয়ে একটি সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে এবং বর্তমানে এটি দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন আন্দামান সাগরের ওপর অবস্থান করছে। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে এবং আরও ঘনীভূত হওয়ার সম্ভাবনা রয়েছে।**

-

নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:

- গত ২৪ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল হ্রাস পেয়েছে, যা আগামী ০৫ দিন অব্যাহত থাকতে পারে।
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল রয়েছে। সুরমা নদীর পানি সমতল আগামী ০৩ দিন হ্রাস পেতে পারে; অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে।

- গত ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলীয় তিস্তা, ধরলা, দুধকুমার, আপার করতোয়া, আপার আত্রাই, টাঙ্গন ও পুনর্ভবা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল রয়েছে। উক্ত নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন স্থিতিশীল থাকতে পারে।

পানি সমতল ও বারিপাত তথ্য
(১৫ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ / ৩১ অক্টোবর, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)
বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশনঃ নেই।

মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	মৌসুমী বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য
বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)

বরগুনা	৪৪.০	কুষ্টিয়া	৪১.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	**বারিপাত (মি.মি.)**
দার্জিলিং (পশ্চিম বঙ্গ)	৩৪.০

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১২৭	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৩০	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
হ্রাস	৮৪	মোট তথ্য পাওয়া যায়নি	০০
অপরিবর্তিত	১৩		
বিপদসীমার উপরে পানি সমতল তথ্য (পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের ভিত্তিতে)			
স্টেশন সংখ্যা	০	নদীসমূহ সংলগ্ন জেলার সংখ্যা	০
নদীর সংখ্যা	০	নদীসমূহ সংলগ্ন জেলা	-

৫। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯ অক্টোবর ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ৩০অক্টোবর ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **০৯টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	**বিভাগের নাম**	**অগ্নিকান্ডের সংখ্যা**	**আহতের সংখ্যা**	**নিহতের সংখ্যা**
১.	ঢাকা	৩	০	০
২.	ময়মনসিংহ	১	০	০
৩.	বরিশাল	০	০	০
৪.	সিলেট	০	০	০
৫.	রাজশাহী	১	০	০
৬.	চট্টগ্রাম	২	০	০
৭.	খুলনা	১	০	০
৮.	রংপুর	১	০	০
	মোট	**০৯**	**০**	**০**

০১-১১-২০২৬
সেখ ফরিদ আহমেদ
যুগ্মসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব, ... মন্ত্রণালয়।।
২। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৪। মহাপরিচালক (প্রশাসন), মহাপরিচালক ৪, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৫। প্রধান তথ্য অফিসার (গ্রেড-১), প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর।
৬। পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৭। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)।
৮। উপমহাপরিচালক (চলতি দায়িত্ব), উপমহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার।
৯। সকল বিভাগীয় কমিশনার।
১০। সকল জেলা প্রশাসক।

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.০০০.৪২৩.৪০.০০০১.২৬.৩২৪/১ (৪)

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২। মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩। একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।



০১-১১-২০২৬
মো: হাছান আলী
সহকারী সচিব